

Mohammed Mizanur Rahman

Director General
(Additional Secretary)

Bangladesh Bureau of Statistics
Statistics and Informatics Division
Ministry of Planning



মোহাম্মদ মিজানুর রহমান

মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

উপানুষ্ঠানিক পত্র নং: ৫২.০১.০০০০.৫০১.২৩.৭৪৫.২০- ৫৮২

তারিখ: ২২ ফেব্রুয়ারি, ২০২৪

প্রিয় মহোদয়,

২৭ ফেব্রুয়ারি 'জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪' উদযাপন


আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, সঠিক পরিসংখ্যান উন্নয়ন ও অগ্রগতির অন্যতম প্রধান শর্ত। অর্থনীতিসহ সমাজের অন্যান্য সকল কর্মকাণ্ডের গতি-প্রকৃতি নির্ণয় ও উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে পরিসংখ্যানের গুরুত্ব অপরিসীম। পরিসংখ্যান যত নির্ভুল হবে, নীতিনির্ধারকদের জন্য পরিকল্পনা প্রণয়ন এবং সিদ্ধান্ত গ্রহণ তত সহজতর হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী পরিসংখ্যানের গুরুত্ব বিবেচনায় গত ০৮ জুন ২০২০ খ্রি. অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বৈঠকে ২৭ ফেব্রুয়ারি 'জাতীয় পরিসংখ্যান দিবস' হিসেবে ঘোষণা করেছেন। অতঃপর ২০২১ সালে ২৭ ফেব্রুয়ারি ১ম বার জাতীয় পরিসংখ্যান দিবস উদযাপিত হয়। এর ধারাবাহিকতায় ৪র্থ বারের মতো আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৪ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং এর আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করেছে। এবারের জাতীয় পরিসংখ্যান দিবসের প্রতিপাদ্য হচ্ছে **"স্মার্ট পরিসংখ্যান, উন্নয়নের সোপান" (Smart Statistics, Instrumental to Development)**।

০২। দিবসটির গুরুত্ব ও তাৎপর্য উপলব্ধি করে যথাযথ মর্যাদায় 'জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪, উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মাঠ পর্যায়ের সকল কার্যালয়-কে ইতোমধ্যে বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে দিবস উদযাপনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার অন্যতম অংশীজন হিসেবে বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় 'জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪' উদযাপনে আপনার বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগও বাস্তবতার নিরিখে কার্যকরী অবদান রাখতে পারে বলে আমি বিশ্বাস করি। এক্ষেত্রে আপনার বিভাগের সকল শিক্ষক-শিক্ষার্থীকে দিবসটি পালনের নিমিত্ত প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা যেতে পারে।

০৪। বর্ণিতাবস্থায়, আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে 'জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৪' উপলক্ষে আপনার বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউটে কর্মসূচী গ্রহণের জন্য অনুরোধ করছি।

আন্তরিকভাবে আপনার


মোহাম্মদ মিজানুর রহমান

চেয়ারম্যান/পরিচালক

পরিসংখ্যান বিভাগ/ইনস্টিটিউট

..... বিশ্ববিদ্যালয়।